বিমানবন্দর থেকে শীর্ষ সন্ত্রাসী সুইডেন আসলাম গ্রেপ্তার



শীর্ষ সন্ত্রাসী সুইডেন আসলাম। ছবি: সংগৃহীত

রাজধানীর শীর্ষ সন্ত্রাসী শেখ মোহাম্মদ আসলাম ওরফে সুইডেন আসলামকে গ্রেপ্তার করেছে পুলিশ। রোববার (২২ নভেম্বর) রাতে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে বিদেশে যাওয়ার সময় তাকে আটক করা হয়।

সোমবার সকালে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের (ডিবি) প্রধান অতিরিক্ত পুলিশ কমিশনার মো. শফিকুল ইসলাম গ্রেপ্তারের বিষয়টি নিশ্চিত করেন। তিনি জানান, আসলামকে ডিবি কার্যালয়ে নিয়ে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। তার বিরুদ্ধে হত্যা-সহ একাধিক মামলা রয়েছে।

জানা গেছে, থাই এয়ারওয়েজের একটি ফ্লাইটে থাইল্যান্ড যাওয়ার উদ্দেশ্যে বিমানবন্দরে গিয়েছিলেন তিনি। ইমিগ্রেশন কার্যক্রমের সময় তাকে গ্রেপ্তার করে পরে ডিবির কাছে হস্তান্তর করা হয়।

এর আগে ২০২৪ সালের সেপ্টেম্বরে গাজীপুরের কাশিমপুর হাই সিকিউরিটি কেন্দ্রীয় কারাগার থেকে জামিনে মুক্তি পান সুইডেন আসলাম।

শেখ মোহাম্মদ আসলাম একসময় সুইডেনে অবস্থান করায় ‘সুইডেন আসলাম’ নামে পরিচিতি পান। তেজগাঁও এলাকার এই সন্ত্রাসী ১৯৮৬ সালে অপরাধ জগতে যুক্ত হন। ওই বছর পূর্ব রাজাবাজারে স্কুলের সামনে কিশোর শাকিলকে গুলি করার অভিযোগ ওঠে তার বিরুদ্ধে। পরবর্তী সময়ে তার বিরুদ্ধে হত্যাসহ বিভিন্ন অপরাধে জড়িত থাকার অভিযোগ সামনে আসে।

১৯৯৭ সালে যুবলীগ নেতা গালিব হত্যা মামলায় গ্রেপ্তার হন আসলাম। সে সময় তার কাছ থেকে বুলেটপ্রুফ জ্যাকেট উদ্ধার করা হয়েছিল।